গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ।
www.shalla.sunamganj.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৯০১১.০০০.৮৮.০০১.২৩-৩২৩ তারিখ ঃ ০১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন হাওর রক্ষা বাঁধের ভাঙ্গন বন্ধকরন/মেরামত করার নিমিত্তে পিআইসি (PIC) গঠনের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনকারীগণকে ফরম পূরণ করে আগামী ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে **নিম্নস্বাক্ষরকারীর** কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর আর কোন আবেদন গ্রহন করা হবে না। ক্রটিপূর্ণ/অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে। **উল্লেখ্য. জাল কাগজপত্র বা মিথ্যা তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। [নমুনা ফরমটি www.shalla.sunamganj.gov.bd এই ওয়েব সাইটে পাওয়া যাবে।]**

## শর্তসমূহ:

"সংশোধিত কাবিটা নীতিমালা-২০২৩" অনুযায়ী পিআইসির সভাপতি, সদস্য সচিব ও সদস্যদের সংশ্লিষ্ট হাওরে জমির মালিকানা স্বপক্ষে প্রমাণক হিসাবে নিম্নের কাগজাদি দাখিল করতে হবে:

(১) ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ পত্র (পিআইসি কমিটির সকল)।
(২) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (পিআইসি কমিটির সকল)।
(৩) সভাপতি/সেক্রেটারীসহ সকল সদস্যগণের ০১(এক) কপি করে পাসপোর্ট সাইজের ছবি।
(৪) আবেদিত পিআইসির সন্নিকটে জমির মালিকানার প্রমাণকস্বরূপ সর্বশেষ রেকর্ড অনুযায়ী খতিয়ান(পর্চা)/প্রয়োজনীয় ডকুমেন্ট।
(৫) সংশ্লিষ্ট মৌজা ম্যাপের ফটোকপি (বাঁধের অবস্থান ও জমির মালিকানার জায়গা চিহ্নিতকরণসহ)।
(৬) প্রকৃত কৃষক হিসেবে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন/কৃষি কার্ডের সত্যায়িত ফটোকপি।
(৭) আবেদনপত্রে কমিটির সভাপতি, সদস্য সচিব এবং সদস্যগণের সচল মোবাইল নাম্বার অবশ্যই উল্লেখ করতে হবে।

০১/১২/২০২৪
(এস. এম. তারেক সুলতান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা কমিটি
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং- শা.পাউবো-১২৪ তারিখঃ ০১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
০১। জেলা প্রশাসক ও সভাপতি, কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন জেলা কমিটি, সুনামগঞ্জ।
০২। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য-সচিব, কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন জেলা কমিটি, সুনামগঞ্জ।
০৩। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য, কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন জেলা কমিটি, সুনামগঞ্জ।

**অনুলিপি : কার্যার্থে ও বহুল প্রচারের জন্য**
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা ও সদস্য (সংশ্লিষ্ট), কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা কমিটি, শাল্লা, সুনামগঞ্জ।
০৫। জনাব .......................................... মনোনীত সদস্য, কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা কমিটি, শাল্লা, সুনামগঞ্জ।
০৬। ইউপি সচিব ..........................................ইউপি (সকল), শাল্লা, সুনামগঞ্জ (ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করতে হবে)।
০৭। নোটিশ বোর্ড/অফিস কপি।

০১/১২/২৪
(রিপন আলী)
উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা
দিরাই পানি উন্নয়ন শাখা-২, বাপাউবো, সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা কমিটি
শাল্লা, সুনামগঞ্জ।